ছাদের জন্য

**লোহার কড়ি**

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ⁄৹ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৶৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩০শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৮ই অগ্রহায়ণ বুধবার ১৩৫০ ইংরাজী 24th Nov. 1943 | ২৫শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৫৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ভি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## ১৯৪২-এর সাফল্য

বর্ত্তমান যুদ্ধ-সঙ্কট ও আর্থিক বিপর্য্যয়ের দিনেও হিন্দুস্থান যে ক্রমোন্নতির পথেই অগ্রসর হইতেছে, ইহা হিন্দুস্থানের সম্প্রতি প্রকাশিত ১৯৪২ সালের বার্ষিক কার্য্য-বিবরণী হইতেই উপলব্ধি হইবে। নিম্নের আর্থিক পরিচয়ে সোসাইটির প্রভূত সাফল্যের সামান্য নিদর্শন প্রদত্ত হইল।

### আর্থিক পরিচয়

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় তিন কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৯ কোটি ৩৬ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ " ৭৪ " " " |
| মোট সম্পত্তি | ৫ " ১৮ " " " |
| দাবী শোধ (১৯০৭-৪২) | ২ " ৭৫ " " " |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা। |

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৮ই অগ্রহায়ণ বুধবার, সন ১৩৫০ সাল

## ভারত গবরমেণ্টের সাহায্য

রাষ্ট্রীয় পরিষদে একটি প্রশ্নের উত্তরে অর্থ বিভাগের সেক্রেটারী মিঃ সি, আর জোন্স বলেন যে, গত জুন মাস হইতে ভারত গবরমেণ্ট বঙ্গীয় গবরমেণ্টকে সাধারণ কার্য্য-সৌকার্য্যার্থে ৩ কোটি টাকা এবং খাদ্যশস্য খরিদের জন্য ৭ কোটি টাকা প্রদান করিয়াছেন। ইহা ছাড়া অধিক পরিমাণে খাদ্য-শস্য উৎপাদন আন্দোলনের জন্য ভারত সরকার বঙ্গীয় সরকারকে আরও ৭৫ লক্ষ টাকা দিয়াছেন।

---

## পল্লী উন্নয়ন প্রচেষ্টা

রাজসাহী আনন্দমোহন এষ্টেটের জমিদার শ্রীযুক্ত রায় বাহাদুর ব্রজেন্দ্রমোহন মৈত্রেয় এম-এ, বি এল, এম-এল-সি ও শ্রীযুক্ত গোপীকূলমোহন মৈত্রেয়কে আশ্রয় করিয়া ঐ এষ্টেটের প্রজাসাধারণ আবাদ ও পানীয় জলের জন্য ঐ এষ্টেটের যাবতীয় পুরাতন পুষ্করিণী জমা বন্দোবস্ত লইয়া পঙ্কোদ্ধার করণার্থ এক লক্ষ টাকা মূলধনে ললিতপুকুর ফাণ্ড গঠন করিতেছে।

---

## পরলোকে প্রবীণ জমিদার

বেলডাঙ্গা থানার অন্তর্গত দোপুখুরিয়া গ্রামের স্বনাম-ধন্য প্রবীণ জমিদার গোষ্ঠবিহারী প্রামাণিক ৮৮ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তাঁহার ন্যায় দয়ালু প্রজাবৎসল জমিদার বিরল। তিনি তিন পুত্র, দুই কন্যা ও বহু পৌত্র-প্রপৌত্রাদি রাখিয়া গিয়াছেন। তাঁহার অর্থে ও আনুকূল্যে স্থাপিত স্থানীয় মধ্য-ইংরেজী স্কুলের তিনি সেক্রেটারী ছিলেন। পীড়িত ও আর্ত্ত দুঃখীদিগকে তিনি মুক্তহস্তে দান করিতেন। তাঁহার ন্যায় স্বদেশ-সেবকের অভাবে এই অঞ্চলের যথেষ্ট ক্ষতি হইল।

---

## সভাপণ্ডিতের মৃত্যু

গত ১লা অগ্রহায়ণ কাশিমবাজার রাজবাড়ীর সভা পণ্ডিত সারদাচরণ স্মৃতিতীর্থ পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৪ বৎসর হইয়াছিল। তিনি নব্য ও প্রাচীন স্মৃতিশাস্ত্রে সুপণ্ডিত ছিলেন। কিছুকাল তিনি কলিকাতা সংস্কৃত কলেজে অধ্যাপনা করিয়াছিলেন। তৎপর তিনি কাশিমবাজার অধিপতি দানবীর ও বিদ্যোৎসাহী মহারাজা মণীন্দ্রচন্দ্রের আহ্বানে রাজ সভাপণ্ডিত হইয়া আসেন এবং শেষ পর্য্যন্ত এই পদে ব্রতী ছিলেন।

---

## পরলোকে সুরেশচন্দ্র সান্যাল

গত ১০ই নবেম্বর (বুধবার) রাত্রি ১২টার পর কলিকাতা কর্পোরেশনের ভূতপূর্ব্ব চীফ ইঞ্জিনিয়ার সুরেশ-চন্দ্র সান্যাল তাঁহার হিন্দুস্থান পার্কস্থিত বাসভবনে ৭২ বৎসর বয়সে 'ইউবিমীয়া' রোগে মৃত্যুমুখে পতিত হইয়াছেন। ইনি কর্পোরেশনের প্রথম বাঙ্গালী চীফ ইঞ্জিনিয়ার।

---

## ধান ও চাউলের মূল্য হ্রাসের নির্দ্দেশ

### ১লা ডিসেম্বর হইতে সর্ব্বোচ্চ মূল্য নির্দ্ধারণ

আগামী ১লা ডিসেম্বর হইতে ধান ও চাউলের মূল্য নিম্নোক্তরূপ নির্দ্ধারিত করিয়া বাঙলার অসামরিক সরবরাহ বিভাগ হইতে নিম্নোক্ত মর্ম্মের এক বিজ্ঞপ্তি প্রচারিত হইয়াছে :—

মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, বর্দ্ধমান, বগুড়া, রাজশাহী, জলপাইগুড়ি, দিনাজপুর, ময়মনসিংহ, মালদহ, বাখরগঞ্জ, খুলনা, যশোহর ও পার্ব্বত্য চট্টগ্রামে ১লা ডিসেম্বর হইতে ১৪ই জানুয়ারী পর্য্যন্ত (এই দিন ধরিয়া) ব্যবসায়ীরা পাইকারী সর্ব্বোচ্চ ১৬৲ মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে এবং কৃষকগণ ও চাউলের কলসমূহ সর্ব্বোচ্চ ১৫৷০ আনা মণ দরে বিক্রয় করিতে পারে; ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ ৯৷০ টাকা মণ দরে, কৃষকগণ ৯৲ মণ দরে ধান্য বিক্রয় করিতে পারিবে।

(অবশিষ্টাংশ শেষ পৃষ্ঠায় দেখুন।)

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নীলামের দিন ১৩ই ডিসেম্বর ১৯৪৩

১৯৪৩ সালের ডিক্রীজারী

১২১৬ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং ভজহরি নাথ মৃত্যুতে ওয়ারিশ পুত্র অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দাবি ১৯৸৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোট কালিয়াই ২০ শতকের কাত ২৸৶০ আঃ ১০৲

১৩৯৮ থাং ডিঃ ঐ দেং নন্দরাণী দাস দাবি ৭৮৶৩ থানা ঐ মৌজে পিরোজপুর ১০৸০॥ ছটাকের কাত ১৪॥৵০ আঃ ৬৫৲

১৪০১ থাং ডিঃ ঐ দেং দ্বারিকানাথ রায় দাবি ৩৩।০ থানা ঐ মৌজে চর বাগডাঙ্গা ৮।৩।০ কাঠার কাত ৫॥৴০ আঃ ৩০৲

১৪০৩ থাং ডিঃ ঐ দেং রমজান মণ্ডল দাবি ৯৶৩ মৌজাদি ঐ ১৮২৸০ ছটাকের কাত ৸৵০ আঃ ৬৲

১৪০৪ থাং ডিঃ ঐ দেং নেকজান বিবি দাবি ১৩।৶৩ মৌজাদি ঐ ৩॥৪৸৶০ ছটাকের কাত ১৸৶০ আঃ ১০৲

১৪০৬ থাং ডিঃ ঐ দেং হাসিমুদ্দীন মণ্ডল দাবি ৭২৴৬ মৌজাদি ঐ ১৮৴১॥৶০ ছটাকের কাত ১৪৶৯ আঃ ১০৲

১৩৯৯ থাং ডিঃ ঐ দেং আশিরুদ্দি মণ্ডল দিং দাবি ২৪॥৵৩ থানা সুতী মৌজে ইসলামপুর ৭৪ শতকের কাত ৪৷৴০ আঃ ১৫৲

১৪০০ থাং ডিঃ ঐ দেং কালু মণ্ডল মিস্ত্রী দাবি ৫৩৸০ থানা ঐ মৌজে চাঁদামারী ৬৴০ বিঘার কাত ১০৲ আঃ ৪০৲

১৪০২ থাং ডিঃ ঐ দেং আয়বালী সেখ দাবি ১০৸৶৯ থানা সুতী মৌজে চক মেঘবান ওরফে শ্যামপুর ৮৪ কাঠার কাত ১৵০ আঃ ৩৲

১৪ ৫ থাং ডিঃ ঐ দেং শ্রীপতি মাহারা দাবি ১৭।৬ মৌজাদি ঐ ৮৬ শতকের কাত ২॥০ আঃ ১২৲

১১০৭ থাং ডিঃ সেবাইত নিরোজকৃষ্ণ ঘোষ দেং দেবিদয়াল ভকত দাবি ২১।৴৩ থানা সুতী মৌজে উমরাপুর ৮৮ শতকের কাত ২৶৯ আঃ ১০৲ বং ৭১৬

১৩৫২ থাং ডিঃ প্রবোধকুমার নাথ দেং

তারাপদ সেন দাবি ৩৬৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ২৯৮৬ নং তৌজী চর রঘুনাথগঞ্জ ২-৭০ শতকের কাত ১২॥৶০ অর্দ্ধাংশের কাত ৬৷/১০ আঃ ৫০৲ খং ৬১৯

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নীলামের দিন ২৯শে ডিসেম্বর ১৯৪৩

১৯৩৮ সালের ডিক্রীজারী

২০৫ রেহান ডিঃ মাকবুল সেখ দেং ভবনাথ কবিরাজ দিং দাবি ৮০৫৷০ থানা সুতী মৌজে হিলোড়া ৬৷৪৷০ কাঠার কাত ১২৷/০ আঃ ২৫৲ খং ১০১৪ উক্ত জমি জমা মধ্যে দেন্দারের দখল ।৪॥০ কাঠা ২নং লাট থানা ঐ মৌজে হারুয়া ১॥২ কাঠার কাত ৩৸৶১০ আঃ ২৫৲ খং ৯৪ উক্ত জমি মধ্যে দেন্দারের দখল ৸০ কাঠা ৩নং লাট থানা ঐ মৌজে ভাহিনা ৭।০ বিঘার কাত ২১॥৶১০ আঃ ২৫৲ খং ২৫৪ উক্ত জমি মধ্যে দেন্দারের দখল ৩৷১

—

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নীলামের দিন ২০শে ডিসেম্বর ১৯৪৩

১৯৪৩ সালের ডিক্রীজারী

৯২৬ খাং ডিঃ মহারাজকুমার সিতাংশু-কান্ত আচার্য্য বাহাদুর দেং নরেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দাবি ২৫৮৸৶০ থানা সুতী মৌজে নুরপুর ৬৪৷০॥০ কাঠার কাত ৩১৷/৯ আঃ ২৫৩৲ খং ৫৬৮ হইতে ৫৭৮

৭৫৮ খাং ডিঃ বিনয়কৃষ্ণ সিংহ দিং দেং নিরোদ বেওয়া দাবি ৯৸/৬ থানা সমসেরগঞ্জ মৌজে শ্রীরামপুর ১২ শতকের কাত ।৶৬ আঃ ৩৲ খং ২৬৭

৭৫৯ খাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং মই-মুদ্দিন বিশ্বাস দিং দাবি ৬৫৶০ থানা সমসের-গঞ্জ মৌজে কিসমত অনুপনগর ২-৫৮ শত-কের কাত ১৪৸৶৪ আঃ ৪০৲ খং ২৭১

৬৭৮ খাং ডিঃ অতুলচন্দ্র নিয়োগী দিং দেং কিরীটেশ্বরী দাসী দিং দাবি ৪৮৶৯ থানা সাগরদীঘি মৌজে মাঠখাগড়া ১-২৬ শতকের কাত ৬৶৫ আঃ ৩৫৲ খং ৪৯ রায়ত স্থিতিবান

৭৬৮ খাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং হিসাবদি সেখ দিং দাবি ১৪।৩ থানা সমসেরগঞ্জ মৌজে কুলী ৬২ শতকের কাত ১॥/৩ আঃ ১০৲ খং ১১৩৪

৮০৮ খাং ডিঃ ঐ দেং ওষমান সেখ দিং দাবি ১৫৻৬ থানা সমসেরগঞ্জ মৌজে দোহিতপুর ৮৯ শতকের কাত ১৶৬ আঃ ১০৲ খং ৮৫

৭৭৮ খাং ডিঃ সেবাইত গোবিন্দলাল রায় দেং পাতু ঘোষাণী দাবি ৩৮।৶৩ থানা সাগরদীঘি মৌজে হাটপাড়া ১-৫৯ শতকের কাত ১০৸/৫ আঃ ৩০৲ খং ২৩

৯২৭ খাং ডিঃ অমিতপ্রসাদ দাস দেং মধুসূদন মাজ্জিত দাবি ১৭৪॥৶৩ থানা সাগরদীঘি মৌজে ধামুয়া দিং ৪-৪১ শতকের কাত ৩২৲ আঃ ১৫০৲ খং ২৭

৭৭৬ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং আলেকজান বিবি দাবি ১৩৸/৩ থানা সাগরদীঘি মৌজে শ্যামপুর ৯৬ শতকের কাত ১॥/১০ আঃ ৫৲ খং ৬৬

৯০৩ খাং ডিঃ ম্যানেজার নাটোর রাজ ওয়ার্ডস এষ্টেট দেং ইনসান আলি মোল্লা দাবি ৫১৷৶০ থানা সাগরদীঘি মৌজে বোখারা ৩-৪৩ শতকের কাত ২০॥৶৬ খং ৬০০

৯০৪ খাং ডিঃ ঐ দেং লালমহম্মদ মণ্ডল দিং দাবি ১১৷/০ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১৶৯ আঃ ৫৲ খং ৫৬৫

৯০৫ খাং ডিঃ ঐ দেং লুৎফুন্নেছা বিবি দাবি ১৮২॥/৯ মৌজাদি ঐ ৪-৩৩ শতকের কাত ২৫৶৩ আঃ ৫০৲ খং ১৬০ ১৬১, ১৬৩, ৩১১ ও ৪০৫

৯০৬ খাং ডিঃ ঐ দেং দোলগোবিন্দ দাস দাবি ৯৷/৯ মৌজাদি ঐ ৩৮ শতকের সেস ৶৬ আঃ ৫৲ খং ৪৪ অধি-নস্থ খং ৬৮৪ হইতে ৬৯০

৯০৮ খাং ডিঃ ঐ দেং মকবুল সেখ দিং দাবি ৩৪৸/৬ মৌজাদি ঐ ৮১ শতকের কাত ৫৷৩ আঃ ১০৲ খং ৪৪৬

৯০৯ খাং ডিঃ ঐ দেং ফুলবাস বিবি দাবি ২৩৶০ মৌজাদি ঐ ৭৫ শতকের কাত ৪৷৶৬ আঃ ১০৲ খং ৪২১, ৪২২

৯১০ খাং ডিঃ ঐ দেং লালচাঁদ মণ্ডল দিং দাবি ৫৩৷৶০ মৌজাদি ঐ ৫-৭১ শতকের কাত ২৪৸/০ আঃ ২৫৲ খং ১২৩

৯১২ খাং ডিঃ ঐ দেং মথুরাপ্রসাদ ভকত দাবি ৪৫॥৶৯ মৌজাদি ঐ ২-৬০ শতকের কাত ১৫৶০ আঃ ১০৲ খং ৪৪৯

৯০৭ খাং ডিঃ ঐ দেং ওসিয়া বিবি দিং দাবি ২৫৻৬ থানা সাগরদীঘি মৌজে তসপাড়া ১-৭৩ শতকের কাত ৪॥০ আঃ ১০৲ খং ৪৪

৯১১ খাং ডিঃ ঐ দেং মোঃ মহম্মদ মহীউদ্দিন দিং দাবি ৪০৶০ থানা ঐ মৌজে তসপাড়া ৪-০৬ শতকের কাত ১০৸৬ আঃ ১০৲ খং ৩৯

৯১৩ খাং ডিঃ ঐ দেং আতিফুর রহমান দাবি ২৫৶৬ মৌজাদি ঐ ১-৮৪ শতকের কাত ৪৷৶০ আঃ ১০৲ খং ৩৭

৮১৯ খাং ডিঃ কৃষ্ণচন্দ্র সাহা দিং দেং ভূষণ মুচি দিং দাবি ৪২॥০ থানা সুতী মৌজে চাঁচণ্ড ৯২ শতকের কাত ১০৲ আঃ ১০৲ খং ৫০০ রায়ত স্থিতিবান

৭৩৪ খাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং কাশী-নাথ রায় দিং দাবি ৩৪॥৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভূমিহর ১-৬৫ শতকের কাত ৫॥৪ আঃ ১২৲ খং ৯৫ রায়ত স্থিতি-বান

৩৮ মনি ডিঃ মহম্মদ ইশা খাঁ দেং আবদুর রহমান খাঁ ওরফে দুলু দাবি থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৯ শতকের কাত ১৷৶৭ আঃ ১০৲ খং ৪৩১ দখলকার বসত প্রজা

৫৭ রেহান ডিঃ সেরাজুদ্দিন বিশ্বাস দেং রহিমবক্স বিশ্বাস দাবি ১২৮॥৶০ থানা সমসেরগঞ্জ মৌজে অনন্তপুর ১॥২॥ কাঠার কাত আঃ ১৫৲ ২নং লাট থানা ঐ মৌজে শিবপুর ।২॥ কাঠার কাত আঃ ২৫৲

—

## রিজার্ভ ব্যাঙ্কের নোট

একটি প্রেস নোটে বলা হইয়াছে যে, রিজার্ভ ব্যাঙ্কের বর্ত্তমান গবর্ণর শ্রীযুক্ত সি, ডি, দেশমুখের স্বাক্ষরিত নূতন ব্যাঙ্ক নোট শীঘ্রই বাহির হইতেছে। বর্ত্তমান নক্সার কোন পরিবর্ত্তন হইবে না এবং পূর্ব্বে যে ব্যাঙ্ক-নোট বাহির করা হইয়াছিল, তাহাও বাজারে চলিবে।

—

## গবর্ণরদের বৈঠক

দিল্লীতে সমাগত এগারটি প্রদেশের গবর্ণরগণ গত ১৯শে নবেম্বর বড়লাট ভবনে বড়লাটের সহিত এক বৈঠকে সম্মিলিত হন। প্রায় সাড়ে পাঁচ ঘণ্টা বৈঠক চলে। প্রকাশ, এই সম্মেলনে তাঁহারা সকল দিক দিয়া খাদ্য সমস্যার আলোচনা করেন। পূর্ব্বেই ঘোষণা করা হইয়াছিল যে, কোনও শাসনতান্ত্রিক সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে এই সম্মেলনের অধিবেশন হইতেছে না। পরন্তু সংবাদ আদানপ্রদানে এবং মতবিনিময়ে ইহা দ্বারা একটি প্রয়োজনীয় উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে।

(দ্বিতীয় কলমের জের)

১৫ই জানুয়ারী হইতে পুনর্বিজ্ঞপ্তি না দেওয়া পর্য্যন্ত ব্যবসায়িগণ পাইকারী সর্ব্বোচ্চ ১৪৲ টাকা মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে, কৃষকগণ ও চাউলের মিলগুলি সর্ব্বোচ্চ ১৩।০ আনা মণ দরে বিক্রয় করিতে পারিবে; ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ ৮।০ আনা মণ এবং কৃষকগণ ৮৲ মণ দরে ধান বিক্রয় করিতে পারিবে।

১লা ডিসেম্বর হইতে ১৪ই জানুয়ারী পর্য্যন্ত (এই দিন ধরিয়া) কলিকাতায় এবং অবশিষ্ট জিলাসমূহে ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ পাইকারী ১৭৲ টাকা মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে, কৃষকগণ ও চাউলের কলসমূহ ১৬।০ আনা মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে; ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ পাইকারী ১০৲ টাকা মণ দরে ধান বিক্রয় করিতে পারিবে এবং কৃষকগণ ৯।।০ টাকা মণ দরে বিক্রয় করিতে পারিবে।

১৫ই জানুয়ারী হইতে পুনরায় বিজ্ঞপ্তি না দেওয়া পর্য্যন্ত ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ পাইকারী ১৫৲ টাকা মণ দরে চাউল বিক্রয় করিতে পারিবে; কৃষকগণ ও চাউলের মিলসমূহ ১৪।০ আনা মণ দরে বিক্রয় করিতে পারিবে। ব্যবসায়িগণ সর্ব্বোচ্চ পাইকারী ৯৲ টাকা মণ দরে এবং চাষীগণ ৮।।০ টাকা মণ দরে ধান বিক্রয় করিতে পারিবে।

ইহার অতিরিক্ত দরে অগ্রিম যে সব চুক্তি হইয়াছে, তাহা বাতিল হইয়া যাইবে।


চাউল ও ধানের সর্ব্বনিম্ন মূল্য যথাবিহিত বিজ্ঞপ্তি দিয়া ১৫ই জানুয়ারীর পর ধার্য্য করা হইবে। স্মরণ রাখিতে হইবে যে এই সব মূল্য সর্ব্বোচ্চ মূল্য; ইহার অতিরিক্ত মূল্যে ক্রয় ও বিক্রয় অপরাধ বলিয়া গণ্য হইবে। যখন প্রয়োজন মনে হইবে, সরকার তখন এই সব সর্ব্বোচ্চ মূল্য অপেক্ষা যথেষ্ট কম দরে তাঁহাদের প্রয়োজনমত মাল ক্রয় করিবেন। ৩০শে নভেম্বরের পর আউশ ধান্য ক্রয় পরিকল্পনা অনুসারে ক্রয় বন্ধ করিয়া দেওয়া হইবে। তবে সরকারী এজেন্টগণ ব্যবসায়ী ও কৃষকদের নিকট হইতে চাউল ক্রয়ের জন্য উপযুক্ত দর দিতে থাকিবেন।

বাঙলা হইতে চাউল ও ধান রপ্তানী বন্ধের আদেশ বলবৎ রহিয়াছে।

---




সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখোছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।